ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১১৮৩
বিলোনীয়া, ১৩ জুন, ২০২৫

**ধরতি আবা জনভাগিদারি অভিযান ঃ ১৫ জুন দক্ষিণ জেলাভিত্তিক জনসচেতনতা প্রশাসনিক শিবির**

ধরতি আবা জনজাতি উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে আগামী ১৫ জুন ঋষ্যমুখ ব্লকের রতনপুর ভিলেজ কমিউনিটি হলে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এক জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানের উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানান জেলাশাসক মোহম্মদ সাজ্জাদ পি। তিনি বলেন, সারা রাজ্যের সাথে দক্ষিণ ত্রিপুরা জেলায় বিভিন্ন জনজাতি অধ্যুষিত ভিলেজে আগামী ১৫ জুন থেকে ৩০ জুন পর্যন্ত ধরতি আবা জনভাগিদারি অভিযানে প্রচারাভিযান চালানো হবে। পাশাপাশি এই প্রকল্পের সুবিধা প্রতিটি ভিলেজের জনজাতি অংশের মানুষের কাছে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে প্রশাসনিক শিবিরও অনুষ্ঠিত হবে। শিবিরে জনজাতি অংশের নাগরিকদের বিভিন্ন ধরণের সার্টিফিকেট প্রদান সহ সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে অবহিত করা হবে। তিনি আরও বলেন, দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ৫৯টি জনজাতি অধ্যুষিত এলাকা রয়েছে। এই সকল এলাকার নাগরিকদের সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে জেলার অন্তর্গত প্রতিটি দপ্তরকে যুক্ত করা হয়েছে। এছাড়া পথ নাটক, চিত্র নাট্য, ফুটবল ম্যাচ ইত্যাদির মাধ্যমেও জেলা জুড়ে প্রচারাভিযান চালানো হবে। আজকের সাংবাদিক সম্মেলনের মাধ্যমে তিনি এই সমস্ত শিবিরের সুবিধা গ্রহণ করার জন্য জেলার সকল জনজাতি অংশের মানুষের কাছে আবেদন রাখেন।

******